গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং-৩৭.২৪.০০০০.০৩.০৩১.০০৩.২১-৬৩

তারিখ: ১৪ আশ্বিণ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২১-২২ অর্থবছরের ১ম পর্যায়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান-এ যাচাই-বাছাই কমিটির সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী।**

**সভাপতি** : **কাজী দেলোয়ার হোসেন, পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা**
**সভার তারিখ** : **২৯/০৯/২০২১ খ্রি:**
**সময়** : **সকাল ১০.০০ টা**
**স্থান** : **সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ।**
**উপস্থিতি "ক"**

২.০ সভাপতি সভার শুরুতে কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন। সভাপতি ট্রাস্টের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানালে তিনি সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থ বছরে ১ম পর্যায়ে সারাদেশ থেকে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের নিকট থেকে এ পর্যায়ে সর্বমোট ৭৮টি আবেদনপত্র পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রসমূহকে উপজেলা ভিত্তিতে বিন্যাস করে "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০" এর আলোকে প্রস্তুতকৃত তালিকা সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা হিসাবে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের ৫ হাজার টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের ৮ হাজার টাকা এবং স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের ১০ হাজার টাকা করে এককালীন প্রদানের সংস্থান রয়েছে। কমিটির সদস্যবৃন্দকে অবহিত করা হয় যে, সর্বশেষ স্থিতি অনুযায়ী ট্রাস্টের এ সংক্রান্ত তহবিলে প্রয়োজনীয় অর্থের সংস্থান রয়েছে।

২.১ কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দ প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই শেষে ৭৭টি আবেদনপত্র পূর্বনির্ধারিত শর্তাবলী অনুযায়ী যথাযথ ভাবে পাওয়া গেছে মর্মে অভিমত ব্যক্ত করেন। অপরদিকে পূর্বনির্ধারিত শর্তাবলী (Critirion) প্রতিপালিত না হওয়ায় (যথাঃ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অটোপাসের প্রত্যয়ন পত্র এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রাদি না থাকা) ০১টি আবেদন ত্রুটিযুক্ত মর্মে চিহ্নিত হওয়ায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য করা হয়। কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহের অবস্থা নিম্নরূপ :

| শ্রেণি | যোগ্য আবেদন | অযোগ্য আবেদন | মোট আবেদন |
|---|---|---|---|
| মাধ্যমিক | ৩১ | ০১ | ৩২ |
| উচ্চ মাধ্যমিক | ৩৯ | ০ | ৩৯ |
| স্নাতক | ০৯ | ০ | ০৭ |
| সর্বমোট | ৭৯ | ০১ | ৮০ |

২.২ সভায় উপস্থাপিত আবেদনকারীদের তালিকা থেকে ভর্তি সহায়তা প্রদানে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে পূর্ববর্তী শ্রেণির প্রাপ্ত পরীক্ষার নম্বরকে প্রাধান্য (পূর্বের শ্রেণীতে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বর পেতে হবে) প্রদান করা হয়। ২০২১-২২ সালে করোনা মহামারীর কারণে বিভিন্ন শ্রেণির পরীক্ষা গ্রহণের পরিবর্তে স্বয়ংক্রিয় উত্তীর্ণ প্রদানের কারণে শিক্ষার্থীদের পূর্ববর্তী শ্রেণির ফলাফল সর্বক্ষেত্রে বিবেচনা করা সম্ভব না হওয়ায় বিদ্যমান পরিস্থিতিতে শিক্ষার্থীর পরিবারের আয়, পিতার পেশা ও দরিদ্র সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি বিবেচনা করা হয়। তাছাড়া, নির্দেশিকায় বর্ণিত 'প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ এবং দুস্থ পরিবারের সন্তান আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে'- মর্মে শর্তের ভিত্তিতে এ জাতীয় আবেদনকারীদের বিষয়কে গুরুত্বের সাথে বিবেচনা করে তাদের নির্বাচনের সুপারিশ করার ব্যাপারে সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়।

২.৩ এ প্রক্রিয়ায় মাধ্যমিক পর্যায়ের ২৭ জন, উচ্চ মাধ্যমিক পর্যায়ের ১৮ জন এবং স্নাতক ও সমমান পর্যায়ের ০৮ জনসহ সর্বমোট তিপান্ন (৫৩) জন শিক্ষার্থীকে ভর্তি সহায়তা প্রদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচনের সম্মতি প্রদান করা হয় । আবেদনকারীর পরীক্ষায় নম্বর বা গ্রেড নির্ধারিত শর্তের চেয়ে কম থাকা এবং একই উপজেলায় ভর্তি সহায়তা প্রদানের জন্য নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক আবেদন পাওয়া ইত্যাদি কারণে অবশিষ্ট ২৭ জনকে ভর্তি সহায়তা প্রদানের জন্য বিবেচনা করা সম্ভব হয়নি ।

৩। **সুপারিশ:** বিস্তারিত আলোচনা শেষে কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সুপারিশসমূহ প্রদান করেন :

(১) মাধ্যমিক পর্যায়ে ২৭ জন শিক্ষার্থীকে ভর্তি সহায়তা হিসাবে জনপ্রতি এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সহায়তা প্রদান;

৪. আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

(মো: আব্দুল মান্নান)
উপপরিচালক
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

(মো: শামসুজ্জামান)
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

মো: ওয়াহিদুজ্জামান
উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

(মোহাম্মদ রিহান উদ্দিন)
উপপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

(জান্নাতুল ফেরদৌস)
উপপরিচালক
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

(কাজী দেলোয়ার হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট